গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
(সংস্থাপন শাখা)
www.habiganj.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৬.৩৬০০.০০৩.১১.০০৫.২৫-৫০৬

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

# পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৪৫.১৬.১০৯ নম্বর স্মারক এবং বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট এর ২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.৪৬.০০০০.০০০.০১০.১১.০০৪.১৯.২৬ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূণ্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত মডেল ফরমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড: ১৬<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন, ডাটা এন্ট্রি এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>ঘ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ। |
| ০২ | হিসাব সহকারী | গ্রেড: ১৬<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৭ (সাত) টি | |
| ০৩ | সার্টিফিকেট সহকারী | গ্রেড: ১৬<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন) টি | |

## শর্তাবলী

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০ (সংশোধিত ২০২৪) অনুসরণ করা হবে।
৩। এ কার্যালয়ের ০২ নভেম্বর ২০২৩ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০৩.১৪.০১২.২৩-২২৭ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যেসব প্রার্থী ইতোপূর্বে (ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, (খ) হিসাব সহকারী এবং (গ) সার্টিফিকেট সহকারী পদের যেকোন একটি পদে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
৪। ২১ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩২ বৎসর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৫। একজন প্রার্থী কেবল একটি পদে আবেদন করতে পারবেন।
৬। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে।
৮। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।
৯। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীরণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
১০। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র/অনাপত্তিপত্র/অন্যান্য কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

**দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:**

(ক) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সকল সনদপত্র (কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্রসহ)।
(খ) হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।
(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি পত্র।
(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তানদের জন্য) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।
(ছ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।

চলমান পাতা-০২

১১। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাক ভেরিফিকেশনপূর্বক চুড়ান্তভাবে নিয়োগ প্রদান করা হবে।

১২। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১৩। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য হবিগঞ্জ জেলার ওয়েবসাইট অর্থাৎ (www.habiganj.gov.bd) লিংক হতে জানা যাবে।

**১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

**(ক)** আগ্রহী প্রার্থীগণ https://dchabiganj.teletalk.com.bd এ ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন।

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i. **Online-এ আবেদনপত্র জমাদান এবং পরীক্ষার ফি প্রদান শুরুর তারিখ ও সময়: ২১ ডিসেম্বর ২০২৫ সকাল ১০.০০ টা।**

ii. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০ জানুয়ারি ২০২৬ বিকাল ৫.০০ টা।**

উক্ত সময়ের মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষা ফি জমা দিতে পারবেন।

**(খ)** অনলাইন আবেদনপত্রে প্রার্থীগণ নিজের স্বাক্ষর (৩০০× ৮০ Pixel) এবং রঙ্গিন ছবি (৩০০× ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

**(গ)** Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই আবেদন ফরমে তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) জন্য সকল পদে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনলাইনে আবেদন দাখিলের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে আবশ্যিকভাবে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা।

**প্রথম** SMS : DCHABIGANJ<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: DCHABIGANJ ABCDEF & send to 16222

**দ্বিতীয় SMS :** DCHABIGANJ<space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: DCHABIGANJ Yes 12345678 & send to 16222

**(চ)** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dchabiganj.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

**(ছ)** SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

**(জ)** শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:

DCHABIGANJ<space>Help<space>User<space>User ID & Send to 16222

Example: DCHABIGANJ Help User 12345678 send to 16222

ii) PIN Number জানা থাকলে:

DCHABIGANJ<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222

Example: DCHABIGANJ Help PIN 12345678 send to 16222

**(ঝ)** অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।

**(ঞ)** বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য হবিগঞ্জ জেলার ওয়েবসাইট (www.habiganj.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

**(ট)** Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর subject-এ Organization Name: DCHABIGANJ, Post Name ........., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে]

১৬। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আবু হাসনাত মোহাম্মদ আরেফীন
জেলা প্রশাসক
হবিগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০৬১০০
E-mail: dchabiganj@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৬.৩৬০০.০০৩.১১.০০৫.২৫- ৫০৬/১(৭৬)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার ..................................................(সকল)।
০৩। জেলা প্রশাসক ........................................................(সকল)।
০৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৫। সিভিল সার্জন, হবিগঞ্জ।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।
০৮। নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
০৯। উপজেলা নির্বাহী অফিসার...................... (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁর নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। প্রশাসক, হবিগঞ্জ পৌরসভা/নবীগঞ্জ পৌরসভা/শায়েস্তাগঞ্জ পৌরসভা/চুনারুঘাট পৌরসভা/মাধবপুর পৌরসভা/আজমিরীগঞ্জ পৌরসভা।
১১। সহকারী কমিশনার (ভূমি), ..................... (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁর নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। উপপরিচালক, জেলা তথ্য অফিস, হবিগঞ্জ।
১৪। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ............. (জাতীয় দৈনিক)। নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ০৮(আট) ইঞ্চি X ০৩(তিন) কলাম পরিসরে শুধুমাত্র ০১(এক) দিন প্রকাশপূর্বক ০৩ (তিন) কপি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক .......... (স্থানীয় দৈনিক), হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ০৮(আট) ইঞ্চি X ০৩(তিন) কলাম পরিসরে শুধুমাত্র ০১(এক) দিন প্রকাশপূর্বক ০৩ (তিন) কপি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস কপি।

আবু হাসনাত মোহাম্মদ আরেফীন
জেলা প্রশাসক
হবিগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০৬১০০
E-mail: dchabiganj@mopa.gov.bd